

## আলোর উৎস সন্ধানে

মোহনার দিকে ভাসতে ভাসতে কাছি ছুঁড়ে দিই  
নদীর আশেপাশে কোন শন্ত গাছ পেঁচিয়ে নেবে,  
ডুব সাঁতার জানি না, চিৎ সাঁতারও ---  
চিরদিন হামাগুড়ি দিতে দিতে  
আলোর উৎস খুঁজতে চেয়েছি।

বুনো গক্ষেশরীর এলিয়ে গেছে  
সজ্জের বাতিকে ভেবেছি চাঁদ  
পৌষমেলার বাজি উৎসবে  
সৃতির সঙ্গে লুকোচুরি খেলতে খেলতে  
শৈশবে পৌঁছে যাই।  
আলোর উৎস তখনও ঢোখ বুজে থাকে।

এইখানে শব রেখে কারা বিশ্রাম নিচ্ছে  
ওদের কাছেই জানা যেতে পারে  
কোন গহৰে আলো লুকিয়ে আছে।  
দ্যুতিময় উৎসের দিকে ওদের পা প্রসারিত  
সজ্জের বাতি নিবে আসছে  
এগিয়ে চলবে পা,  
এক পা দুপা এক পা দুপা।

সমরেন্দ্র মণ্ডল

